১২। মনে করো, তুমি তোমার স্কুলের স্কাউট দলের সদস্য হতে চাও। এজন্য একটি আবেদন ফরম পূরণ করো। ৫

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

স্কাউট সদস্য আবেদন ফরম

আবেদনকারীর নাম :

পিতার নাম :

মাতার নাম:

শ্রেণি ও শাখা :

রোল নম্বর :

জন্ম তারিখ :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

যে বিভাগের সদস্য হতে ইচ্ছুক (টিক চিহ্ন দাও) ক) বয় স্কাউট খ) কাব স্কাউট

অভিভাবকের স্বাক্ষর শিক্ষার্থীর স্বাক্ষর

১৩। ক) মনে করো তোমার নাম আবির/রূপা। তুমি আনন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। তোমার বড় বোনের বিয়ে উপলক্ষে তিনদিনের ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লেখ। ৫

অথবা

খ) প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার জন্য তোমার প্রস্তুতি কেমন এবং কিরূপ ফলাফল আশা কর- তা জানিয়ে তোমার পিতার কাছে একটা চিঠি লেখ।

১৪। নিচের যে কোন একটি বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ। ১০

ক) আমাদের দেশ [ সূচনা, অবস্থান ও আয়তন, স্বাধীনতা লাভ, জনসংখ্যা, মানুষের পেশা, ভূ-প্রকৃতি, প্রাকৃতিক সৌন্দর্য, উপসংহার]

খ) স্মরণীয় যাঁরা চিরদিন [ ভূমিকা, মুক্তিযুদ্ধ বা মুক্তিযুদ্ধের কাল, ১৯৭১ সালের ২৫ শে মার্চ রাতে যেসব বরেণ্য ব্যক্তিগণ শহিদ হন, ১৯৭১ সালের ১৪ই ডিসেম্বরের হত্যাকাণ্ড, বাংলাদেশের স্বাধীনতা লাভ, উপসংহার ]

গ) শখের মৃৎশিল্প [ ভূমিকা, মৃৎসামগ্রী, মৃৎশিল্প তৈরির উপকরণ, ঐতিহ্যময় মৃৎশিল্প, মৃৎশিল্পী, উপসংহার]

ঘ) একজন বীর মুক্তিযোদ্ধা [ভূমিকা, জন্ম ও শিক্ষা জীবন, কর্মজীবন, মুক্তিযুদ্ধে অবদান, উপসংহার]

# রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## **নমুনা প্রশ্ন অর্ধ বার্ষিক পরীক্ষা- ২০২০**

শ্রেণি: পঞ্চম

বিষয়: বাংলা

সময়: **২:৩০** ঘণ্টা পূর্ণমান: **১০০**

(ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক)

নিচের অনুচ্ছেদটি (পাঠ্য বই থেকে) পড়ে ১ ও ২ ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ:

দিনটি ছিল একাত্তরের ৮ই এপ্রিল। ঐদিন মুক্তিযোদ্ধারা পাকিস্তানি নৌসেনাদের উপর আক্রমণ করবে। এজন্যে তাঁরা মহালছড়ির কাছে বুড়িঘাট এলাকার চিংড়ি খালের দুইপাশে অবস্থান গ্রহণ করেন। পাকিস্তানি সৈন্যরা মুক্তিযোদ্ধাদের আক্রমণ করতে এগিয়ে আসে। সাথে নিয়ে আসে সাতটি স্পিডবোট আর দুটি মোটর লঞ্চ। স্বল্পসংখ্যক মুক্তিযোদ্ধার মৃত্যু ছিল অবধারিত। তবু মুক্তিযোদ্ধারা পালিয়ে যান নি। আবদুর রউফ নিজেই দায়িত্ব নিলেন নিজের জীবন দিয়ে সবাইকে রক্ষা করার। হালকা একটা মেশিনগান হাতে তুলে নিয়ে গুলি ছুড়ে শত্রুদের রুখে দিতে থাকলেন। সহযোদ্ধাদের বললেন নিরাপদে সরে যেতে। মুক্তিযোদ্ধাদের আক্রমণে পাকিস্তানিদের সাতটি স্পিডবোটই ডুবে গেল। বাকি লঞ্চ দুটো থেকে গুলি ছুড়তে ছুড়তে তারা পিছু হটতে থাকল। এ রকম মুহূর্তেই হঠাৎ একটা গোলা এসে পড়ল তাঁর উপর, তিনি শহিদ হলেন। বীরের রক্তস্রোতে রঞ্জিত হলো মাটি। রাঙামাটি জেলার বোর্ড বাজারের কাছে নানিয়াচরের চিংড়িখালের কাছাকাছি একটি টিলার উপর উপর সমাহিত হন বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ: ( যে কোন পাঁচটি) ৫

রক্তরঞ্জিত, অবধারিত, হালকা, রণক্ষেত্র, নিরাপদ, সমাহিত, বীরশ্রেষ্ঠ

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ:

ক) মুক্তিযোদ্ধারা কাদের আক্রমণ করবে? এবং তাঁরা কোথায় অবস্থান গ্রহণ করেন?

২

খ) মুক্তিযোদ্ধারা কীভাবে পাকিস্তানি সেনাদের পিছু হটতে বাধ্য করলেন? বর্ণনা কর। ৪

গ) মুন্সী আবদুর রউফ কীভাবে শহিদ হয়েছিলেন? বর্ণনা কর। ৪

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ ক্রমিক প্রশ্নের উত্তর লেখ। (পাঠ্যবই বহির্ভূত)**

পৃথিবীতে কোনো প্রাণী বা বৃক্ষলতাই অপ্রয়োজনীয় নয়। এগুলো সবই প্রকৃতির অংশ। এগুলোকে ধ্বংস করলে তার পরিণতি ভালো হয় না। পৃথিবী এক মুহূর্তের জন্যও টিকে থাকতে পারবে না যদি গাছপালা না থাকে। গাছ আমাদের পরম বন্ধু। কোনো কোনো জীবজন্তু আছে যাদের স্বভাব ও আচরণ খারাপ হলেও এরা আমাদের অনেক উপকার করে। যেমন: কাক, শকুন। পরিবেশের নানা ক্ষতিকর আবর্জনা এদের খাদ্য। আবার কিছু হিংস্র

প্রাণী আছে যাদের আমরা অপ্রয়োজনীয় ভাবি। কিন্তু এ ধরনের প্রাণীও পরিবেশের ভারসাম্য বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিলুপ্তির হাত থেকে এদের শিকার করা নিষিদ্ধ করা হয়েছে। অথচ অনেক অসাধু মানুষ বিলুপ্তপ্রায় প্রাণী শিকার করে। এসব শিকারিরা প্রকৃতির শত্রু। সারা বিশ্বেই এসব শিকারির জন্য কঠোর আইন করা হয়েছে। আমরাও এদের ব্যাপারে সচেতন থাকব। বিলুপ্তপ্রায় প্রাণীদের বাঁচিয়ে রাখা আমাদের কর্তব্য।

৩। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি দিয়ে নিচের বাক্যগুলোর শুণ্যস্থান পূরণ কর। ৫

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| স্মরণ | মনে রাখা |
| ধ্বংস | বিনাশ, ক্ষতি করা |
| খ্যাতি | সুনাম, নামডাক |
| দণ্ডনীয় | শাস্তি পাওয়ার যোগ্য |
| নিষিদ্ধ | যা নিষেধ করা হয়েছে |
| স্বভাব | আচরণগত বৈশিষ্ট্য |

ক) আমাদের প্রাকৃতিক পরিবেশ.......... করা উচিৎ নয়। ।
খ) রয়েল বেঙ্গল টাইগারের বিশ্বজোড়া........... আছে।
গ) পশুপাখি শিকার করা ........... অপরাধ।
ঘ) ........... কাজ থেকে দূরে থাকতে হবে।
ঙ)................ রাখা প্রয়োজন যে, কোনো প্রাণী বা বৃক্ষলতাই অপ্রয়োজনীয় নয়।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। ৩×৫ = ১৫
ক) প্রাণী ও বৃক্ষলতা ধ্বংস করা উচিত নয় কেন? পাঁচটি বাক্যে লেখ।
খ) আমাদের দেশের বিলুপ্ত প্রায় প্রাণীদের বাঁচিয়ে রাখতে তুমি কী উদ্দ্যেগ গ্রহণ করতে পার? পাঁচটি বাক্যে লেখ।
গ) 'গাছ আমাদের পরম বন্ধু' উক্তিটি ব্যাখ্যা কর।

**৫। ক্রিয়া পদের চলিতরূপ লেখ।** ( যে কোন পাঁচটি) ৫
**লিখিতাম, করিব, আসিতেছিল, খাইতেছি, দেখিতে, বলিতেছে, আঁকিব।**

৬। প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে ৫ টি প্রশ্ন তৈরি কর (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন) প্রদত্ত নির্দেশনা অনুযায়ী। ৫

মানুষ তখন একটু একটু করে সভ্য হচ্ছে। কী করে সবার সঙ্গে মিলেমিশে থাকা যায়, শিখছে সেইসব কায়দাকানুন। ও-দিকে বনে বনে তখন পশুদের রাজত্ব। হাজার রকমের প্রাণী, অসংখ্য পাখ-পাখালি। বেশ শান্তিতেই কাটছিল বনের পাখি আর প্রাণীদের দিনগুলো। কিন্তু একদিন হলো কি তাড়া খেয়ে মস্ত একটা হাতি এই বনে ঢুকে পড়ল। হাতিটার সে-কী বিশাল শরীর। পাগুলো বটপাকুড় গাছের মতো মোটা। শুঁড় এতটাই লম্বা যে আকাশের গায়ে বুঝি ঠেকবে। তার গায়েও অসীম জোর। এই শরীর আর শক্তি নিয়েই তার যত অহংকার। মেজাজটাও দারুণ তিরিক্ষি।

৭। যুক্তবর্ণ বিভাজন করে দেখাও ও বাক্য গঠন কর। ( যে কোন পাঁচটি)
ক্ষ, চ্ছ, ন্ধ, স্ট, ল্প, জ্ঞ, ঞ্ছ।

**৮। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ। ৫**
**মামা বললেন এটা শখের হাঁড়ি শখ করে পছন্দের জিনিস এই সুন্দর হাঁড়িতে রাখা হয় তাই এর নাম শখের হাঁড়ি তাছাড়া শখের যেকোনো জিনিসই তো সুন্দর**

**৯। এক কথায় প্রকাশ কর** । ( যে কোন পাঁচটি) ৫
**যা লোপ পেয়েছে, যার চালচলন রাজার মতো, দিকের শেষ, যার সীমা নেই, বীরদের মধ্যে শ্রেষ্ঠ, স্মরণ রাখার যোগ্য, রেখা দিয়ে আঁকা ছবি।**

**১০। বিপরীত শব্দ লেখ** । ( যে কোন পাঁচটি) ৫
বন্ধু, সার্থকতা, সুন্দর, অহংকার, স্বাধীন, সুনাম, দুরন্ত।

১১। নিচের কবিতাংশটি পড়ে ক, খ, ও গ ক্রমিকের প্রশ্নের উত্তর লেখ:

শহরের পাতি কাক ডাকে ঝাঁকে ঝাঁকে
ঘুম দেয়া মুশকিল হর্নের হাঁকে।
সিডি চলে, টিভি চলে, বাজে টেলিফোন
দরজায় বেল বাজে, কান পেতে শোন।
গলিপথে ফেরিঅলা হাঁকে আর হাঁটে
ছোটদের হইচই ইশকুল মাঠে।
পল্লির সেই সুরে ভরে যায় মন
শহুরে জীবন জ্বালা-শব্দদূষণ।

ক) কবিতাংশটির কবি ও কবিতার নাম লেখ। ২
খ) কবিতাংশটির মূলভাব নিজের ভাষায় লেখ। ৫
গ) ''শহুরে জীবন জ্বালা-শব্দদূষণ'' বলতে কী বোঝ? ৩